

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম, তা কোন ব্যক্তি ফরয সালাতের পর পাঠ করলে, তার পূর্বের মহান আল্লাহ ক্ষমা করে দেন মর্মে বর্ণনা

ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَا سَلَفَ مِنْ ذُنُوبِ الْمُسْلِمِ بِقَوْلِهِ مَا وَصَفْنَا فِي عُقَيْبِ الصَّلَوَاتِ الْمَفْرُوضَات

## আরবী

2013 \_ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ بِنْ عَبْدِ اللَّهِ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِي عُبَيْدٍ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ: عَنْ أَبِي هُرَيْرَةَ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ سبَّح اللَّهَ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ ثَلَاثًا وَثَلَاثِينَ وَكَبَّرَهُ ثَلَاثًا وَثَلَاثِينَ فَتِلْكَ تسع وتسعون وقال تمام المئة لَا وَثَلَاثِينَ وَحَمَدَهُ ثَلَاثًا وَثَلَاثِينَ وَلَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ غُفرت لَهُ خَطَايَاهُ وَإِنْ كَانت مثل زبد البحر)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2013 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) ( (1348)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو عُبَيْدٍ هَذَا حَاجِبُ سُلَيْمَانَ بْنِ عَبْدِ الْمَلِكِ رَوَى عَنْهُ مَالِكُ بْنُ أَنَسٍ.

## বাংলা

২০১৩. আবৃ হ্রাইরা রাদিয়াল্লাহ্ আনহ্ থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি প্রত্যেক সালাতের পর ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩ বার আল হামদু লিল্লাহ, ৩৩ বার আল্লাহ্ আকবার বলবে, এই হলো মোট ৯৯ বার আর ১০০ পূর্ণ করবে لَا إِلَهُ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ



عَلَى كُلِّ شَيْءٍ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যই রাজত্ব, তাঁর জন্যই সকল প্রশংসা আর তিনি সর্ব বিষয়ে ক্ষমতাবান) বলে, তবে তার গোনাহসমূহ ক্ষমা করা হবে, যদিও তা সমুদ্রের ফেনা সমতুল্য হয়।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসের একজন রাবী আবৃ উবাইদ হলেন হাজিব বিন সুলাইমান বিন আব্দুল মালিক, তার থেকে মালিক বিন আনাস হাদীস বর্ণনা করেছেন।"

## ফুটনোট

[1] আবূ আওয়ানা: ২/২৪৭; সহীহ মুসলিম: ৫৯৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৭০; সুনান বাইহাকী: ২/১৮৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭১৮; মুসনাদ আহমাদ: ২/৩৭১; আবূ আওয়ানা: ২/২৪৭; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন